...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১০ জানুয়ারি ২০২১ খ্রি. রবিবার
সভার সময়	সকাল : ১১.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষে
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তণ দিবস উপলক্ষে সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয়।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৩ ডিসেম্বর ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ট্রাস্টের বিদ্যমান প্রজেক্টরে ২ টি স্ক্রিন সংযোজন, সম্মেলন কক্ষে ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপন, ১৬ পোর্ট বিশিষ্ট সিসি ক্যামেরা স্থাপন, জেনারেটর, ফায়ার এলার্ম ক্রয় এবং সম্মেলন কক্ষের মাউথ পিসগুলো সার্ভিসিং না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।	প্রজেক্টর স্ক্রিন, ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপন, ১৬ পোর্ট বিশিষ্ট সিসি ক্যামেরা স্থাপন, জেনারেটর, ফায়ার এলার্ম ক্রয় এবং সম্মেলন কক্ষের মাউথ পিসগুলো দ্রুত স্থাপন করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব) এবং সহকারী প্রোগ্রামার
২.	ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান, ট্রাস্টের অব্যবহৃত কম্পিউটার সামগ্রী ও আসবাবপত্র নিলামে বিক্রয়ের লক্ষ্যে গঠিত কমিটির সদস্য হিসেবে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধির মনোনয়ন পাওয়া গেছে। কিন্তু গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধির মনোনয়ন পাওয়া যায়নি।	ফোনে যোগাযোগ করে প্রতিনিধির মনোনয়ন নিশ্চিত করতে হবে এবং দ্রুত সভা আহবানের মাধ্যমে অব্যবহৃত কম্পিউটার সামগ্রী ও আসবাবপত্র নিলামে বিক্রয় করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	ট্রাস্ট অফিসের সকল কক্ষের জানালার ব্লাইন্ডসমূহ পরিস্কারের বিষয়ে সভায় আলোচনা হয়।	ট্রাস্ট অফিসের ভার্টিক্যাল ব্লাইন্ড অতিদ্রুত পরিস্কার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৪.	ট্রাস্ট অফিসে বৈদ্যুতিক লাইন অনেক পুরানো হওয়ায় যে কোনো সময় দুর্ঘটনার আশঙ্কা থাকে এ কারণে এসি এবং বৈদ্যুতিক লাইন সার্ভিসিং এর বিষয়ে আলোচনা হয়।	প্রতি ০৩ (তিন) মাস অন্তর এসি এবং বৈদ্যুতিক লাইন সার্ভিসিং করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	ট্রাস্টের পদগুলো ব্লকড। এসব পদে পদোন্নতির কোনো সুযোগ নেই বিধায় প্রবিধানমালা সংশোধনপূর্বক প্রয়োজনীয় পদ সোপান তৈরির বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৪ এবং সংশ্লিষ্ট অন্যান্য নিয়োগ বিধি যাচাই করে ট্রাস্টের পদগুলোতে পদোন্নতির সুযোগ সৃষ্টি ও প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভা করবে।	পরিচালক
৬.	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের উন্নত মানের আইডি কার্ড প্রদান এবং ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের উন্নত মানের আইডি কার্ড প্রদান এবং ডিজিটাল হাজিরা মেশিন দ্রুত স্থাপন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৭.	ট্রাস্টের অডিটের জন্য ইতোপূর্বে প্রেরিত পত্রের অগ্রগতি সম্পর্কে সভায় আলোচনা হয়।	অডিটের জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৮.	সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক কাজে অংশগ্রহণের বিষয়ে আলোচনা হয়।	স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন এবং সকলকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১২

তারিখ: ২৮ পৌষ ১৪২৭
১২ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২০) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক